দৈনিক

13 FEB 2017

# বগুড়ায় এসএসসি পরীক্ষা হলে কড়াকড়ি ॥ কেন্দ্রে হামলা ভাংচুর

**স্টাফ রিপোর্টার, বগুড়া অফিস ॥** পরীক্ষা হলে কড়াকড়ি আরোপের জের ধরে রবিবার দুপুরে বগুড়া সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ে বিক্ষুব্ধ এসএসসি পরীক্ষার্থীরা হামলা করেছে। অভিযোগ করা হয়েছে, বালিকা উচ্চ বিদ্যালয় কেন্দ্রে জিলা স্কুলের পরীক্ষার্থীদের হলে কড়াকড়ি করায় এই হামলা ও ভাংচুর হয়। এ ঘটনায় দুই সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকসহ শিক্ষার্থীদের মধ্যে মনস্তাত্ত্বিক উত্তেজনা বিরাজ করছে। ঘটনার জন্য দুই স্কুলের পক্ষ থেকে পরস্পরের বিরুদ্ধে অভিযোগ করা হয়েছে।

সূত্র জানায়, বগুড়া সরকারী বালিকা উচ্চ বিদ্যালয় কেন্দ্রে থেকে ৮টি শিক্ষা প্রতিষ্ঠানের ৯৬৭ জন শিক্ষার্থী এসএসসি পরীক্ষা দিচ্ছে। এর মধ্যে জিলা স্কুলের পরীক্ষার্থী রয়েছে ২৬৬ জন। পরীক্ষা হলে কড়াকড়ি আরোপ নিয়ে কয়েক দিনে ধরেই জিলা স্কুলের শিক্ষার্থীরা বালিকা উচ্চ বিদ্যালয়ের কক্ষ পরিদর্শকদের ওপর ক্ষুব্ধ ছিল। এ নিয়ে বালিকা উচ্চ বিদ্যালয়ের কয়েক কক্ষ পরদির্শক পরীক্ষা গ্রহণের সুষ্ঠু পরিবেশ নেই বলে প্রধান শিক্ষিকার কাছে মন্তব্য করেন। বগুড়া বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা রাবেয়া খাতুন জানান, রবিবার গণিত পরীক্ষার সময় জিলা স্কুলের প্রধান শিক্ষক রমজান আলী হলে কড়াকড়ি না করার জন্য অনুরোধ করেন। তবে পরীক্ষা হলে তার শিক্ষকরা নিয়ম অনুযায়ী দায়িত্ব পালন করেন। এতে জিলা স্কুলের পরীক্ষার্থীরা ক্ষুব্ধ হয়। পরীক্ষা শেষে হল থেকে বেরিয়ে যাওয়ার পর স্কুল থেকে কয়েক শ' শিক্ষার্থী পুনরায় পরীক্ষা কেন্দ্রে এসে বিক্ষোভ ও গালিসহ হুমকি দেয় বলে অভিযোগ করা হয়েছে। এ সময় জিলা স্কুলের প্রধান শিক্ষক রমজান আলীও সেখানে উপস্থিত ছিলেন। শিক্ষার্থীরা সেখানে কয়েকটি চেয়ার ও কক্ষের জানালা ভাংচুর করে।